গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
সামাজিক নিরাপত্তা অধিশাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৪৯.১৬.০৬২.২৪. ৩৪৪

তারিখ: ২৭ আশ্বিন ১৪৩২ / ১২ অক্টোবর ২০২৫

বিষয়: সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় ২০২৫-২০২৬ অর্থবছরে বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি, হিজরা, বেদে, অনগ্রসর ও চা-শ্রমিকদের ভাতা ও উপবৃত্তির সুবিধাভোগী বাছাইয়ের নিমিত্ত অনলাইন আবেদন গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ অর্থবছরে সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি, হিজরা, বেদে, অনগ্রসর ও চা-শ্রমিকদের ভাতা ও উপবৃত্তি প্রদানের নিমিত্ত অনলাইন আবেদন গ্রহণ কার্যক্রম শুরু হয়েছে। সে লক্ষ্যে G2P (Government to Person) পদ্ধতিতে ভাতা প্রদানের সুবিধার্থে যোগ্য প্রার্থীদের কাছ থেকে অনলাইন আবেদন গ্রহণের জন্য ১৩-১০-২০২৫খ্রি: তারিখ হতে ০৬-১১-২০২৫খ্রি: তারিখ পর্যন্ত dss.bhata.gov.bd/online-application লিংকে অনলাইনে আবেদন গ্রহণ করা হবে। আবেদন গ্রহণের পূর্বে এ বিষয়ে নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় প্রচার প্রচারণার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

আবেদন গ্রহণ, যাচাই-বাছাই ও তথ্য এন্ট্রির সময় নিম্নোক্ত নির্দেশাবলী:

১. প্রতিবন্ধী ভাতার ক্ষেত্রে অবশ্যই সুবর্ণ নাগরিক কার্ড থাকতে হবে এবং Disability Information System (DIS) এর সাথে যাচাই করতে হবে।
২. অনলাইন আবেদনে আবেদনকারীদের অবশ্যই প্রার্থীর নিজ জাতীয় পরিচয়পত্র দিয়ে নিবন্ধিত সক্রিয় সিম এর মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস ও ব্যাংক হিসাব নম্বর প্রদান করতে হবে। অর্থ মন্ত্রণালয়ের ০১/০৪/২০২৪ তারিখের নম্বর: ০৭.০০.০০০০.১০৯.২০.০০২.২০.৫২ সংখ্যক এর পরিপত্রটি অনুসরণ করতে হবে। ব্যাংক হিসাবের ক্ষেত্রে আবেদনকারীদের সাথে যোগাযোগের জন্য সক্রিয় মোবাইল নম্বর প্রদান করতে হবে।
৩. আবেদনকারী অন্য কোনো সরকারি সুবিধা নিয়মিত পেয়ে থাকলে তিনি এ সুবিধার জন্য বিবেচিত হবেন না।
৪. পূর্বে অনলাইনে আবেদন করে থাকলে (অপেক্ষমান তালিকা যদি থাকে) পুনরায় অনলাইনে আবেদন করার প্রয়োজন নেই।
৫. অনলাইনে প্রাপ্ত আবেদন এবং পূর্বের অনলাইনে আবেদন তালিকার (অপেক্ষমান তালিকা যদি থাকে) ভিত্তিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে প্রাপ্যতা অনুযায়ী বরাদ্দ প্রদান করা হবে।
৬. বিদ্যমান নীতিমালা অনুযায়ী (অপেক্ষমান তালিকা প্রস্তুতসহ) প্রাপ্ত আবেদন যাচাই-বাছাইপূর্বক কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।
৭. অনলাইন আবেদন গ্রহণ ও যাচাই-বাছাই কার্যক্রম ৩০ নভেম্বর ২০২৫ এর মধ্যে সম্পন্ন করার জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে।
৮. চূড়ান্তভাবে নির্বাচিত উপকারভোগীগণ ০১ জুলাই ২০২৫খ্রি: তারিখ হতে ভাতা প্রাপ্য হবেন।

২। এমতাবস্থায়, তাঁর আওতাধীন সংশ্লিষ্ট ইউনিট অফিসসমূহকে উপরোক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। যে কোন প্রয়োজনে সামাজিক নিরাপত্তা অধিশাখার টেকনিক্যাল টিম ও সংশ্লিষ্ট শাখার সাথে যোগাযোগ করা যেতে পারে।

১২.১০.২০২৫

(মো: মোশাররফ হোসেন)
পরিচালক (সামাজিক নিরাপত্তা)
সামাজিক নিরাপত্তা অধিশাখা
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
☎ ০২-৪৪৮২৬৮০১
✉ dir.ss@dss.gov.bd

পরিচালক
বিভাগীয় সমাজসেবা কার্যালয়
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/রংপুর/বরিশাল/ময়মনসিংহ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. জেলা প্রশাসক (সকল)........................।
৫. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল)..........................।
৬. উপজেলা নির্বাহী অফিসার (সকল)....................।
৭. সমাজসেবা অফিসার, উপজেলা/শহর/তেজগাঁও সার্কেল, সমাজসেবা কার্যালয় (সকল)...............।
৮. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (তাকে পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।